

একাদশ শ্রেণীতে অনলাইনে ভর্তি কার্যক্রম আবেদনের শেষ সময় ৬ জুন

নিম্ন বার্তা পরিবেশক

১০টি শিক্ষা বোর্ডের অধীনে একযোগে চলছে একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি কার্যক্রম। দেশের সব কলেজ ও সমমানের ইনস্টিটিউটে ভর্তিপ্রক্রিয়া চললেও শিক্ষার্থী ও অভিভাবকদের আলোচনার কেন্দ্রবিন্দুতে এখন অনলাইন বা টেলিটকে এসএমএস পাঠিয়ে আবেদন কার্যক্রম। আবেদনের সুযোগ আছে আর মাত্র সাত দিন। সারাদেশে অনলাইনের জন্য নির্বাচিত ৩৮৭টি কলেজের অনুকূলে গতকাল বুধবার পর্যন্ত টেলিটকে আবেদন পড়েছে প্রায় ছয় লাখ। অনেক একাধিক কলেজের জন্য এসএমএস পাঠালেও আবেদনের এই ব্যাপক সংখ্যা সস্ত্র শিক্ষা প্রশাসন।

ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক ফাহিমা বাতুন বলেছেন, অনলাইন আবেদনে শিক্ষার্থীদের ব্যাপক অংশগ্রহণে আমরা সন্তুষ্ট। তিনি জানান, সকল কার্যক্রম সুন্দরভাবে চলছে। টেলিটকে আবেদন করছে প্রার্থীরা। কলেজগুলোয় কামেলা একদম কমে গেছে। তিনি আরও জানান, ১৭ জুন ফল প্রকাশ হওয়ার ঘোষিত সময়। কিন্তু কাজ সম্পন্ন হয়ে অনলাইনে: পৃষ্ঠা: ২ ক: ৬

অনলাইনে ভর্তি

(১৬ পৃষ্ঠার পর)

গেলে ভর্তির সুবিধার স্বার্থে ফল তার আগেও প্রকাশ করা হতে পারে। আমরা আগেই ফল প্রকাশের লক্ষ্যে কাজ করছি।

প্রসঙ্গত, গত ১২ মে যথারাত থেকে টেলিটকে এসএমএস পাঠিয়ে ভর্তির আবেদন শুরু করে সদ্য মাধ্যমিক পাস করা শিক্ষার্থীরা। বিড়ম্বনাইন এ প্রক্রিয়ায় আগামী ৬ জুন রাত ১১টা ৫৯ মিনিট পর্যন্ত আবেদন/এসএমএস করা যাবে। তবে অন্য কলেজ ও ইনস্টিটিউটে সাধারণ নিয়মেই ভর্তির আবেদন করার সুযোগ পাচ্ছে শিক্ষার্থীরা। ভর্তির ফল প্রকাশ হবে আগামী ১৭ জুন। আর পরীক্ষার বাতা পুনঃনিরীক্ষণের ফল প্রকাশ হচ্ছে ৭ জুন।

ঢাকা শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ড. শ্রীকান্ত কুমার চন্দ্র জানিয়েছেন, টেলিটকের আবেদন সব বোর্ডের ৩৮৭টি কলেজের অনুকূলেই হচ্ছে। অনলাইনের বাইরে সাধারণ ভর্তি প্রক্রিয়া বোর্ডগুলোতে চলছে আলাদা আলাদাভাবে।

গতকাল রাতে টেলিটক সূত্রে জানা গেছে, ছয় লাখ আবেদন জমা পড়েছে। আগামী ৬ জুন আবেদন শেষ হলে সাত জুনই শিক্ষা বোর্ডের কাছে আবেদনসহ আনুষ্ঠানিক সব কাগজপত্র পাঠিয়ে দেয়া হবে। ৬ জুনের পরে জানা যাবে কোন কলেজের অনুকূলে কত প্রার্থী আবেদন করেছে।

ভর্তি নীতিমালা, অনলাইনের ভর্তির জন্য নির্বাচিত কলেজের তালিকা সহ এ-সকল সব তথ্য ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে (www.dhakaeducationboard.gov.bd) পাওয়া যাচ্ছে। এছাড়া সব শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে সংশ্লিষ্ট বোর্ডের অনলাইনের জন্য নির্বাচিত কলেজের তালিকাও পাওয়া যাচ্ছে।

জানা গেছে, এবারও একাদশ শ্রেণীর ভর্তিতে কোন বাছাই বা ভর্তিপরীক্ষা নেয়া হচ্ছে না। এসএসসি বা সমমানের পরীক্ষার ফলের ভিত্তিতেই ভর্তি হবে শিক্ষার্থীরা। একাদশ শ্রেণীতে ৬৩০ জনের বেশি ছাত্রছাত্রী ভর্তি করানোর অনুমতি আছে এমন কলেজসমূহে অনলাইনে ভর্তিকার্যক্রম সম্পন্ন করা বাধ্যতামূলক। তবে ৩০০ জনের অধিক আসন থাকা কলেজ কর্তৃপক্ষও অনলাইনে ভর্তি করতে পারবে। কলেজ কর্তৃপক্ষকে তাদের ভর্তির সব তথ্য ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

ঢাকা শিক্ষা বোর্ড জানায়, ঢাকার অধিকাংশ বড় কলেজেই চলছে অনলাইনে আবেদন কার্যক্রম। অনলাইনে প্রার্থীরা আবেদন করায় কলেজের এই মুহূর্তে এ বিষয়ে কোন কাজ নেই। ঢাকা শিক্ষা বোর্ডে মোট ১৫৩টি কলেজে চলছে অনলাইনে ভর্তি। এর মধ্যে ঢাকা মহানগরীতে আছে ৪২টি কলেজ। রাজধানীর প্রধান প্রধান সব কলেজেই আছে এই তালিকা।

টঙ্গী সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক এবিএম আফাজ উদ্দিন জানান, ফল প্রকাশের পরই মূলত আমাদের কাজ শুরু হবে। এবার অনলাইনের কারণে আমাদের কামেলা অনেক কমে গেছে। ফল প্রকাশের পর আমরা কেবল বোর্ডের তালিকা অনুসারে নির্বাচিতদের ভর্তি কাজ করব।

যাতা পুনঃনিরীক্ষণ : এখন শিক্ষা বোর্ডগুলোতে চলছে যাতা পুনঃনিরীক্ষণ কার্যক্রম। সব বোর্ডেই এবার পুনঃনিরীক্ষণে গত বছরের তুলনায় বেশি আবেদন জমা পড়েছে।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. এম ওয়াহিদুজ্জামান জানান, এই বোর্ডে এবার ৩৫ হাজার আবেদন জমা পড়েছে।